গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার।
www.coxmc.edu.bd

১৪ পৌষ ১৪৩২

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১৪১.০১৮.০০.২৫.২৪৯০ তারিখ:------------------
২৯ ডিসেম্বর ২০২৫

## -ঃ বিজ্ঞপ্তি ঃ-

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১৩৩৪ তারিখ: ২৮/১২/২০২৫ খ্রি. মোতাবেক পরিবর্তিত তারিখ অনুযায়ী ২০২৫ - ২০২৬ খ্রি. শিক্ষাবর্ষের কক্সবাজার মেডিকেল কলেজে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য প্রাথমিক ভাবে নির্বাচিত ছাত্র/ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা ও আবেদন পত্রের সাথে দাখিলকৃত কাগজ পত্র যাচাইয়ের জন্য নিম্নে বর্ণিত তারিখ অনুযায়ী ছাত্র/ছাত্রীদেরকে স্বয়ং উপস্থিত হইতে হইবে এবং যাবতীয় কাজগপত্রাদির মূল কপি গঠনকৃত বোর্ডের নিকট পেশ করিতে হইবে। তাহা অত্র অফিসে সংরক্ষিত থাকিবে। অন্যথায় তাহাদের ব্যাপারে ভর্তি বিবেচ্য হইবে না। ছাত্র/ছাত্রীদের ভর্তির জন্য টাকা প্রদানের পূর্বে নিয়ম অনুযায়ী সনদ যাচাই ও স্বাস্থ্য পরীক্ষা করানো হইবে।

ছাত্র/ ছাত্রীদের মূল কাগজপত্রাদি যাচাই ও স্বাস্থ্য পরীক্ষা কক্সবাজার মেডিকেল কলেজের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হইবে।

১০/০১/২০২৬ ইং তারিখ হইতে ১৪/০১/২০২৬ ইং তারিখ পর্যন্ত ভর্তির কার্য্যক্রম চলিবে (বন্ধের দিন ব্যতিত)। প্রত্যেক দিন সকাল ৯.০০ ঘটিকা হইতে ১১.০০ ঘটিকা পর্যন্ত সনদ যাচাই, ১১ টা এক মিনিট হইতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত স্বাস্থ্য পরীক্ষা, দুপুর ১.০০ টার পর হইতে ২.৩০ ঘটিকা পর্যন্ত ভর্তি ফি গ্রহন করা হইবে।

উল্লেখিত নিয়মাবলী সম্পাদনের পর যোগ্য প্রার্থীদেরকে সাময়িকভাবে ভর্তি করা হইবে। পরবর্তিতে যদি কোন ছাত্র/ছাত্রীর দাখিলকৃত দলিলাদির মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হয় তবে তাহার ভর্তি বাতিল হইয়া যাইবে এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হইবে।

## যাচাই বোর্ডে যে সমস্ত কাগজপত্রাদি পেশ করিতে হইবে।

১। ২০২৫ -২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

২। এইচএসসি পরীক্ষার মূল রেজিষ্ট্রেশন কার্ড।

৩। এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ নম্বরপত্র।

৪। এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদ / প্রশংসা পত্র।

৫। স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত মূল নাগরিক সনদপত্র।

৬। ০৪ (চার) কপি ভর্তি পরীক্ষায় প্রবেশ পত্রে দেওয়া পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

৭। পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।

৮। প্রত্যেক ছাত্র/ছাত্রীদেরকে নিয়ম মোতাবেক স্ব- স্ব মেডিকেল কলেজে ভর্তির সময় একটি অঙ্গিকারনামা অভিভাবকের স্বাক্ষর সহ দাখিল করতে হবে।

29.12.25

(অধ্যাপক ডা. সোহেল বক্স)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কক্সবাজার মেডিকেল কলেজ
Tel.no: 02334462395 Fax-02334462396

CamScanner